মুজিবনগরে পেঁয়াজ চাষীদের মানববন্ধন

পেঁয়াজের ভরা মৌসূমে পার্শ্ববর্তি দেশ ভারতসহ অন্যান্য দেশ থেকে পেঁয়াজ আমদানি বন্ধ ও কৃষকের উৎপাদিত পেঁয়াজের ন্যায্য মূল্য নিশ্চিত করতে মানববন্ধন করেছেন মুজিবনগরের পেঁয়াজ চাষীরা। এসময় এলাকার প্রায় শতাধিক পেঁয়াজ চাষী উপস্থিত ছিলেন।

বৃহস্পতিবার বিকালে মুজিবনগর উপজেলার দারিয়াপুর মাঠে শতাধিক পেঁয়াজ চাষী এই মানববন্ধন করেন।

চাষীরা বলেন, পেঁয়াজ মসলা জাতীয় ফসল। এখন আমাদের দেশে যে পরিমাণ পেঁয়াজ উৎপাদন হচ্ছে তাঁতে আমাদের দেশের চাহিদা মেটানো সম্ভব। কিন্তু পেঁয়াজের এই ভরা মৌসুমে সরকার ভারতসহ অন্যান্য দেশ থেকে পেঁয়াজ আমদানি করে থাকেন। ভরা মৌসুমে বাইরের দেশ থেকে পেঁয়াজ আমদানি বন্ধ করে চাষির উৎপাদিত পেঁয়াজের মূল্য নিশ্চিত না করলে আগামীতে পেঁয়াজ চাষ থেকে মুখ ফিরিয়ে নেবে কৃষক। আবারও মানুষকে চারশ টাকা কেজি দরে পেঁয়াজ কিনতে হবে। তারা আরও বলেন, পেঁয়াজের বর্তমান বাজার দরে চাষীরা এক বিঘা জমির পেঁয়াজ চাষ করে দেড় থেকে দুই লক্ষ টাকা ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

বক্তব্য রাখেন, পেঁয়াজ চাষী মনিরুল ইসলাম, হাবিবুর রহমান, সোহরাব হোসেন, বায়োজিদ হোসেনসহ অন্যান্যরা।

পেঁয়াজ চাষী মিনারুল ইসলাম বলেন, এবছর আমি ৬ বিঘা জমিতে পেঁয়াজ চাষ করেছি। ছয় বিঘা জমিতে পেঁয়াজ চাষ করতে প্রায় সাড়ে চার লাখ টাকা খরচ হয়েছে। বর্তমানে যে বাজার দর তাতে পেঁয়াজ বিক্রি করে দুই থেকে আড়াই লাখ টাকা উঠবে। আমরা চাই, পেঁয়াজের এই ভরা মৌসুমে বাইরের দেশ থেকে আমাদানি বন্ধ করে আমাদের উৎপাদিত পেঁয়াজের ন্যায্য মূল্য নিশ্চিত করুক সরকার।

চাষি সামিদুল ইসলাম জানান, এবছর আমি ১০ বিঘা জমিতে সুখসাগর পেঁয়াজ চাষ করেছি। বর্তমানে বাজারে পেঁয়াজ ২৫ থেকে ৩০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। আমাদের কাছ থেকে ফঁড়িয়ারা ২০/২২ টাকা করে কিনে নিচ্ছেন। অথচ, এক কেজি পেঁয়াজ উৎপাদন করতে কৃষকের খরচ হয় ২৫ থেকে ৩০ টাকা। কৃষক তাঁর উৎপাদিত পেঁয়াজের ন্যায্য মূল্য না পেলে আগামীতে পেঁয়াজ চাষ থেকে মুখ ফিরিয়ে নেবে। তখন বাইরের দেশ থেকে

পেঁয়াজ আমদানি করতে হবে। মানুষকে তিন চার শ টাকা কেজি দরে কিনতে হবে। তাই পেঁয়াজের এই ভরা মৌসুমে বাইরের দেশ থেকে পেঁয়াজ আমদানি বন্ধ করতে হবে। এছাড়া কৃষকের পেঁয়াজের ন্যায্য মূল্য নিশ্চিত করতে হবে।

জানা গেছে, দারিয়াপুর গ্রামের পেঁয়াজ চাষী লাল্টু হোসেন ৮ বিঘা, সোহরাব হোসেন ৭ বিঘা, লোটন হোসেন ৬ বিঘা, মধু মিয়া ১০ বিঘা, একরামুল হোসেন ৫ বিঘা, স্বপন মিয়া ১০ বিঘা, সামিদুল ইসলামের ৯ বিঘাসহ এলাকার কয়েক হাজার কৃষক সুখ সাগর পেঁয়াজের চাষ করেছেন।

উল্লেখ্য, মেহেরপুর জেলা কৃষি বিভাগের তথ্যমতে জেলায় এবছর পাঁচ হাজার ৬৫ হেক্টর জমিতে পেঁয়াজ চাষ হয়েছে। উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৮৫ হাজার ২৮০ মেট্রিকটন।

গাংনীতে শিশু বিবাহ ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক মতবিনিময় সভা

গাংনী উপজেলার রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশু বিবাহ, মানব পাচার, মাদক প্রতিরোধ ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টায় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এ সভার আয়োজন করা হয়।

জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই কর্মসূচির আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মিজানুর রহমান। এতে বক্তব্য রাখেন সহকারী শিক্ষক সাহেবুল ইসলাম, আবু সাঈদ ও মাতিউন নেছা। শুভেচ্ছা বক্তব্য দেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আক্তার।

আলোচকরা শিশু বিবাহের কুফল, মানব পাচারের ভয়াবহতা ও মাদক প্রতিরোধের গুরুত্ব তুলে ধরেন। পাশাপাশি, ৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম ও মৃত্যুর নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে শিক্ষার্থীদের

সচেতন করা হয়।

সভায় বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির ছাত্র-ছাত্রী ও শিক্ষকরা অংশগ্রহণ করেন।

মুজিবনগরে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যকে সামনে রেখে তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষে মুজিবনগর উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৫ (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয়ভিত্তিক কুইজ ও কাবিং) অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) সকালে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পলাশ মণ্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর ইউআরসি ইন্সট্রাক্টর আকরাম হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার এহসানুল হাবিব, সরকারি উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

প্রতিযোগিতার ইউনিয়ন পর্যায়ের বাছাইপর্ব ৫-৯ ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হয়, যেখানে প্রতিটি ইভেন্টে একজন করে ২৪ জন প্রতিযোগী উপজেলা পর্যায়ে অংশ নেয়। উপজেলার চারটি ইউনিয়নের সেরা ৯৬ জন প্রতিযোগী ২৪টি ইভেন্টে উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপজেলা

নির্বাহী অফিসার পলাশ মণ্ডল। উপজেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীরা জেলা পর্যায়ের শিক্ষা পদক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলার ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, শিক্ষক ও শিক্ষিকাবৃন্দ।

অনুষ্ঠানের সার্বিক সঞ্চালনায় ছিলেন কেদারগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিনা খাতুন।

মেহেরপুরে স্যানিটেশন ও হাইজিন বিষয়ক কর্মশালা

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে স্যানিটেশন ও হাইজিন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) সকাল ১০টায় জেলা প্রশাসন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালার আগে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে শেষ হয়। এরপর সম্মেলন কক্ষে কর্মশালা অনুষ্ঠিত হয়।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মোসলেম উদ্দিনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসকের প্রতিনিধি ও স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. তরিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন প্রমুখ।

এছাড়াও এসময় শিক্ষার্থী, শিক্ষক, সাংবাদিক, বৈষম্যবিরোধী ছাত্র

আন্দোলনের সদস্যবৃন্দ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ১ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ

বিএনপি কেন্দ্র ঘোষিত প্রতিক্রিয়া দলের পূর্ণগঠন জাতীয় স্থায়ীয় পর্যায়ের সকল চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষমতা অর্জনের মেহেরপুর পৌরসভা ১ নং ওয়ার্ড বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার রাত ৭ টার দিকে মেহেরপুর পৌরসভা ১ নং ওয়ার্ড পৌর বিএনপির উদ্যোগে আয়োজনে পাবলিক লাইব্রারী চত্বর কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়। মেহেরপুর পৌরসভা কর্মী সমাবেশে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন, প্রধান বক্তার বলেন, গত ১৭ বছর ফ্যাসিবাদী আওয়ামী লীগ সরকার ধর্মকে পুঁজি করে রাজনীতি করেছে।

আমরা লক্ষ্য করেছি আওয়ামী লীগের দোসরা হিন্দু উপাসনা গুলোই হামলা চালিয়ে আমাদের মুসলিম ভাইদের উপর দোষ চাপিয়ে দিত। এর কারণ ছিল তারা যেন হিন্দু মুসলিম দাঙ্গা বাঁধিয়ে দেশে ফ্যাসিবাদ স্বৈরশাসকের রাজত্ব কায়েম করতে পারে। আপনারা দেখেছেন ৫ই আগস্টের পর তারেক রহমানের নির্দেশে বিএনপি তাদের পাড়া মহল্লায় রাত জেগে হিন্দু উপাসলায় ও তাদের বাড়িঘর পাহারা দিয়েছে। বিএনপি ধর্মীয় নিরাপত্তা সর্বোচ্চ প্রদান করবে। যার যা ধর্ম সে নির্বিঘ্নে পালন করবে।কে মুসলমান কে হিন্দু কে খ্রিস্টান এটা আমাদের পরিচয় নয়,আমাদের পরিচয় আমরা বাংলাদেশী। রাষ্ট্রকাঠামো মেরামতের যে ৩১ দফা তারেক রহমান দিয়েছেন তা বাস্তবায়ন করার লক্ষ্যে ধর্মবর্ণ নির্বিশেষে আমাদের কাজ করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব

অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ। কর্মী সমাবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায়।

কর্মী সমাবেশ অনুষ্ঠানে এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটি সদস্য মোঃ আলমগীর খান সাতু আনছারুল খাইরুল বাশার, হাফিজুর রহমান, মোছাঃ রোমানা আহম্মদ, ওমর ফারুক লিটন, গনিউল আজম প্রমুখ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের কাওছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, কেন্দ্রীয় যুবদলের তথ্য ও প্রযুক্তি বিষয়ক সহ সম্পাদক ইমরান আহমেদ প্রিন্স, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান ফিরোজ, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স,

সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা মোশিউল আলম দিপু, আব্দুল লতিফ, দবির উদ্দিন আশাদুল ইসলাম, নুরুল ইসলাম মুকুল, জনি,সহ পৌর বিএনপি ১ নং ওয়ার্ড নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চেক বিতরণ

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য বরাদ্দকৃত ৩৮ লাখ টাকার চেক বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার বিকাল তিনটার সময় মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিক ভাবে

এ চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক ভারপ্রাপ্ত স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ তরিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নূর।

এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা সিভিল সার্জনের প্রতিনিধি ডা. ইনজামুল হক, জেলা পুলিশ সুপারের প্রতিনিধি ইন্সপেক্টর বজলুর রহমান, মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার প্রতিনিধি এসআই অরুণ কুমার দাস, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানি ইয়ামিন, জেলা বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, জেলা বিআরটি এর কম্পিউটার অপারেটর নাসরিন আক্তার।

অনুষ্ঠানে সড়ক দুর্ঘটনায় নিহত ৭ জনের পরিবারের প্রত্যেককে ৫ লাখ টাকা করে মোট ৩৫ লাখ টাকা এবং গুরুতর আহত ও অঙ্গহানি হওয়া একজনকে ৩ লাখ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করা হয়।

সড়ক পরিবহন আইন ২০১৮-এর ধারা ৫৩ অনুযায়ী গঠিত সহায়তা তহবিল থেকে ক্ষতিপূরণ বা প্রযোজ্য চিকিৎসা খরচ পাওয়ার জন্য ৩০ দিনের মধ্যে আবেদন করার আহ্বান জানিয়েছেন জেলা বিআরটিএ।

মেহেরপুরে কেমিস্টস ও ড্রাগিষ্টিদের কার্যনির্বাহী কমিটি গঠন

বাংলাদেশ কেমিস্টস অ্যান্ড ড্রাগিষ্ট সমিতি মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। নতুন কমিটিতে সভাপতি হিসেবে

মোঃ আব্দুল লতিফ এবং সিনিয়র সহ-সভাপতি হিসেবে মোঃ নাজমুল হুদা নির্বাচিত হয়েছেন।

গতকাল বুধবার দুপুর ১ টার দিকে শহরের শর্মা ফুড প্লাজায় বাংলাদেশ কেমিস্টস অ্যান্ড ড্রাগিষ্ট সমিতি মেহেরপুর জেলা শাখা আয়োজিত এক আলোচনা সভায় এই কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

কেন্দ্রীয় পরিচালক মো. রকিবুল আলম (টুকু), মো. আখতারুজ্জামান ও মোঃ দ্বীন আলী এই কমিটির অনুমোদন দেন। কমিটিতে সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন মোঃ রফিকুল হাসান (রণ) ও মোঃ কাজী খয়রুদ্দীন আহাম্মেদ।

এছাড়াও নির্বাহী সদস্য হিসেবে মোঃ মতিউর ইসলাম, মোঃ রিনু, মোঃ বাবর আলী, মোঃ সাইফুল ইসলাম, মোঃ আমিরুল ইসলাম (সেন্টু), মোঃ আসিফ আল মোনায়েম, মোঃ জালাল উদ্দিন, মোঃ সেলিম খান, মোঃ বেনজির আহমেদ, মোঃ আব্দুস সালাম, মোঃ শফিকুল ইসলাম বাবু, মোঃ শহিদুল ইসলাম, মোঃ এস এম খায়রুল দায়িত্ব পালন করবেন।

মেহেরপুরে “জাতীয় সাংবাদিক সংস্থার” প্রতিষ্ঠাবার্ষিকী

সাংবাদিকতা একটি চ্যালেঞ্জিং পেশা। এই পেশায় সফল হতে হলে চ্যালেঞ্জকে জয় করতে হবে। শুধু কি ঘটেছে তা পাঠককে জানানোতে শেষ নয়, ঘটনার অন্তরালে কী আছে তা বের করে আনাই সাংবাদিকের আসল কাজ।

গতকাল বুধবার বিকালে মেহেরপুর ছহিউদ্দীন ডিগ্রি কলেজ হলে জাতীয় সাংবাদিক সংস্থার ৪৪তম প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায় এসব কথা বলেন বক্তারা। মেহেরপুর ছহিউদ্দীন ডিগ্রি কলেজের অধ্যক্ষ, প্রবীণ সাংবাদিক মহসিন আলী আঙ্গুরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, জাতীয় সাংবাদিক সংস্থার কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা মেহেরপুরের প্রবীণ সাংবাদিক আলমগীর

গনি। আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি ও যুগান্তরের মেহেরপুর জেলা প্রতিনিধি সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম।

মেহেরপুরের সিনিয়র কলেজ শিক্ষক শামীম জাহাঙ্গীর সেন্টুর সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক ও বাংলানিউজের জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, বাসসের মেহেরপুর জেলা প্রতিনিধি দিলরুবা ইয়াসমিন, মুজিবনগর ডটকমের উপদেষ্টা আসফারুল হক সুমন, দৈনিক ভোরের কাগজের মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তূজা ফারুক রুপক, দৈনিক নয়াদিগন্তের গাংনী উপজেলা প্রতিনিধি রাশিদুল ইসলাম বোরহান, প্রবীন সাংবাদিক সাদ আহমেদ, জালাল উদ্দীন, তরুণ প্রজন্মের সাংবাদিক জয়নাল আবেদীন, হাফেজ মোহাম্মদ সাইফুল্লাহ, সজীব আহমেদ, আল ইমরান, খাইরুল বাশার তামিম রেজা, সোহাগ রানা, তুহিন আলীসহ বিভিন্ন প্রিন্ট, আনলাইন মিডিয়াতে কর্মরত সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে আলমগীর গনি বলেন, মফস্বলের সাংবাদিকদের প্রাচীন এবং প্রানের সংগঠণ জাতীয় সাংবাদিক সংস্থা। বাংলাদেশের মফস্বলের সাংবাদিকদের প্রিয় সংগঠক ছিলেন মুহাম্মদ আলতাফ হোসেন। মফস্বলের সাংবাদিকদের অধিকার আদায় ও স্বার্থ সংরক্ষণের জন্য জাতীয় সাংবাদিক সংস্থা প্রতিষ্ঠা করেছিলেন।

বহু ঘাত প্রতিঘাত পড়ি দিয়ে সাংবাদিক সংস্থাকে প্রতিষ্ঠা করে গেছেন। তিনি বলেন, দীর্ঘ ১৬ বছর বাংলাদেশের সংবাদপত্র ও সাংবাদিকদের বাক স্বাধীনতা হরণ করে রেখেছিল স্বৈরাচার সরকার। বাংলাদেশের তরুণ যুবক ছাত্র ও জনতার আন্দোলনে স্বৈরাচার ফ্যাসিস্ট সরকারের বিদায় হয়েছে। আর কোনো ফ্যাসিস্ট যাতে এইদেশে আর না আসতে পারে সেজন্য নবীন সাংবাদিকদের কাজ করতে হবে।

প্রধান বক্তা মেহেরপুরের প্রবীণ সাংবাদিক তুজাম্মেল আযম বলেন, হার্ট খুলে রেখে সাংবাদিকতায় নাম লেখাতে হবে। কারণ, সাংবাদিকদের সাদাকে সাদা আর কালোকে কালো বলার ক্ষমতা থাকতে হবে। সাংবাদিকতার সনাতনী আমলের প্রাসঙ্গীকতা তুলে ধরে তিনি বলেন, আমরা যখন সাংবাদিকতা শুরু করি সে সময় একজন মানুষ রিপোর্টার হিসেবে গড়ে উঠা সহজ ছিল না। একটি সুন্দর ও তথ্যভিত্তিক রিপোর্ট তৈরি করতে হলে রিপোর্টারকে অনেক খাটতে হতো।

সে সময়ের সাংবাদিকতা এবং সংগ্রামের বিভিন্ন চিত্র বক্তব্যে তুলে ধরেন তিনি। এসময় দেশে বিভিন্ন সময়ের প্রতিথযশা প্রয়াত সাংবাদিকদের মাগফেরাত কামনায় এক মিনিট নিরাবতা পালন করা হয়। পরে কেক কেটে জাতীয় সাংবাদিক সংস্থার ৪৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

মুজিবনগরে জেলা যুবদলে প্রতিবাদ সমাবেশ

মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হকের উপর হামলার আসামীদের দ্রুত গ্রেফতার করে বিচার দাবিতে প্রতিবাদ সমাবেশ করেছে মেহেরপুর জেলা যুবদলের নেতৃবৃন্দ।

বুধাবার বিকালে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক এর সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুবদলের সহসভাপতি আব্দুল হামিদ,সহ পল্লী উন্নয়ন সমবায় বিষয়ক সম্পাদক বজলুর রহমান, জেলা যুবদলের সদস্য এরশাদ আলী, আধার আলী বাবু,পারভেজ আলী,জেলা নবীন দলের সাধারন সম্পাদক আনার হোসেন প্রমুখ।

প্রতিবাদ সমাবেশের আগে মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক এর নেতৃত্বে কেদারগন্জ হাট প্রাঙ্গণ থেকে একটি প্রতিবাদ মিছিল বের করা হয়।

উল্যেখ্য,গত ৯ ফেব্রুয়ারী রবিবার বিকালে মেহেরপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হকের উপর কেদারগন্জ বাজারে তার নিজ গোল্ডেন লাইন কাউন্টারে একটি হামলা হয়। পরদিন সকালে আসাদুল হক বাদী হয়ে ১৭ জনের নামেসহ ১৫/২০ জনকে অজ্ঞাতননামা আসামী করে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন।

মামলার পরে মুজিবনগর থানা পুলিশ হামলার সকল সিসিটিভি ফুটেজ দেখে

মঙ্গলবার রাতে মামলার ৫ নম্বর আসামী ছোট খোকনকে আটক করে আদালতে সোপর্দ করে।

মুজিবনগরে মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান

মেহেরপুরের মুজিবনগরে শিক্ষার মান উন্নয়নে শিক্ষা ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করছে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:। প্রতিবছর ক্রেডিট ইউনিয়নের সদস্যদের বিদ্যালয়ে অধ্যয়নরত মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান করে আসছে সংস্থাটি।

তারই ধারাবাহিকতায় প্রতি বছরের ন্যায় গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: ২০২৫ সালে শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের আয়োজনে, ক্রেডিট ইউনিয়নের নিজস্ব কার্যালয়ে এই শিক্ষাবৃত্তি প্রধান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

২০২৫ সালে ৬ষ্ঠ শেণী থেকে এসএসসি পরিক্ষার্থী পর্যন্ত ৫০ জন মেধাবী ছাত্র-ছাত্রীকে ১ লক্ষ ২৪ হাজার টাকার শিক্ষাবৃত্তি প্রদান করেছে সংস্থাটি।

শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে এবং মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক এর সঞ্চালনায় শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এনামুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কাল্ব)এর জেলা ব্যবস্থাপক সুজয় কুমার

বসু,গোপালনগর কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপক আসলাম হোসেন।

অনুষ্ঠানে শিক্ষাবৃত্তি পাওয়া ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবক বৃন্দ ও গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।